

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৯৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. প্রথম অনুচ্ছেদ - রাতের সালাত

بَابُ صَلَاةِ اللَّيْلِ

আরবী

وَعَنْهُ: أَنَّهُ رَقَدَ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاسْتَيْقَظَ فَتَسَوَّكَ وَتَوَضَاً وَهُوَ يَقُول: (إِن فِي خلق السَّمَاوَات وَالْأَرْض. . .)

حَتَّى خَتَمَ السُّورَةَ ثُمَّ قَامَ فَصَلَّى رَكْعَتَيْنِ أَطَالَ فِيهِمَا الْقِيَامَ وَالرُّكُوعَ وَالسُّجُودَ ثُمَّ انْصَرَفَ فَنَامَ حَتَّى نَفَخَ ثُمَّ فَعَلَ ذَلِكَ ثَلَاثَ مَرَّاتٍ سِتَّ رَكَعَاتٍ كُلُّ ذَلِكَ يَسْتَاكُ وَيَتَوَضَاً وَيَقُرَأُ هَوُّلَاءِ الْآيَاتِ ثُمَّ أَوْتَرَ بِثَلَاثٍ . رَوَاهُ مُسلم

বাংলা

১১৯৬-[৯] উক্ত রাবী ['আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ)] থেকে বর্ণিত। তিনি এক রাতে রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট শুইলেন। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাত্রে জাগলেন। মিসওয়াক করলেন ও উযূ (ওযু/ওজু/অজু) করলেন। তারপর এ আয়াত পাঠ করলেন, ইন্না ফী খালকিস সামা-ওয়া-তি ওয়াল আর্যি..... সূরার শেষ পর্যন্ত। এরপর তিনি দাঁড়ালেন, অতঃপর দু' রাক্'আত সালাত আদায় করলেন। সালাতে তিনি বেশ লম্বা কিয়াম (কিয়াম), রুক্' ও সিজদা (সিজদা/সেজদা) করলেন। সালাত শেষে তিনি ঘুমিয়ে গেলেন ও নাক ডাকতে শুরু করলেন। এ রকম তিনি তিনবার করলেন। তিনবারে তিনি ছয় রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন। প্রত্যেকবার তিনি মিসওয়াক করলেন, উযূ (ওযু/ওজু/অজু) করলেন। ঐ আয়াতগুলোও পঠ করলেন। সর্বশেষ বিতরের তিন রাক্'আত সালাত আদায় করলেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৭৬৩।

ব্যাখ্যা



ব্যাখ্যা: ইমাম নাবাবী বলেন, হাবীব ইবনু আবী সাবিত-এর এ বর্ণনাটি অন্য সকল বর্ণনার বিরোধী। এতে ঘুমের বর্ণনা এসেছে যা অন্যান্য বর্ণনাতে নেই এবং রাক্'আতের সংখ্যাতেও অন্যান্য বর্ণনার সাথে বিরোধপূর্ণ। ক্বাযী ('আয়ায) বলেন, এ সম্ভাবনা রয়েছে যে, এ বর্ণনাকারী প্রথম সংক্ষিপ্ত দুই রাক্'আত গণ্য করেননি, যা দিয়ে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত শুরু করতেন। এজন্যই তিনি বলেছেন, তিনি দুই রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন এবং খুব দীর্ঘ করলেন। এতে বুঝা যায় যে, তা সংক্ষিপ্ত দুই রাক্'আতের পরে ছিল। অতঃপর তিনি দীর্ঘ দুই রাক্'আত আদায় করেছেন। এরপর ছয় রাক্'আত আদায় করার পর তিন রাক্'আত বিতর আদায় করেছেন। এভাবে ফজরের সুন্নাত ব্যতীত সর্বমোট তের রাক্'আত আদায় করেছেন। যা অন্যান্য বর্ণনায় বর্ণিত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন